

# ঢাকা বিশ্ববিদ্যালয় শোক দিবস আজ

সংবাদ : প্রতিনিধি, ঢাবি

| ঢাকা, মঙ্গলবার, ১৫ অক্টোবর ২০১৯

ঢাকা বিশ্ববিদ্যালয় শোক দিবস আজ। ১৯৮৫ সালের ১৫ অক্টোবর রাতে জগন্নাথ হলে সংঘটিত মর্মান্তিক দুর্ঘটনায় যেসব ছাত্র, কর্মচারী ও অতিথি নিহত হয়েছেন, তাদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদনের জন্য প্রতিবছর দিবসটি পালন করা হয়। এবারও ভাবগন্ত্বের পরিবেশে ঢাকা বিশ্ববিদ্যালয়ে দিবসটি পালিত হবে। দিবস উপলক্ষে এবারও দিনব্যাপী কর্মসূচি হাতে নিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

কর্মসূচির মধ্যে রয়েছে- সকাল ৬টায় বিশ্ববিদ্যালয়ের সব হল ও প্রধান প্রধান ভবনে কালো পতাকা উত্তোলন, বিশ্ববিদ্যালয়ের পতাকা অর্ধনমিত রাখা ও কালো ব্যাজ ধারণ, সকাল সাড়ে ৭টায় অপরাজেয় বাংলার পাদদেশ থেকে শোক মিছিল সহকারে ছাত্র-শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের জগন্নাথ হল স্মৃতিসৌধে গমন, পুষ্পস্তবক অপণ ও নীরবতা পালন। সকাল ৮টা থেকে ৯টা পর্যন্ত অক্টোবর স্মৃতি ভবনের টিভি কক্ষে আলোচনাসভা, ৯টা থেকে ১০টা হিন্দু বৌদ্ধ ও খ্রিস্টান ধর্মাবলম্বীদের প্রার্থনা সভা, বাদ আছর বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদ

মসাজদুল জামআসহ বাড়ন হল মসাজদে  
নিহতদের আত্মার শান্তি কামনা করে  
মোনাজাত।

এর বাইরে রয়েছে- সকাল ১০টা থেকে সন্ধ্যা ৬টা  
পর্যন্ত জগন্নাথ হল প্রশাসনের ব্যবস্থাপনায়  
নিহতদের তেলচিত্র ও তৎসম্পর্কিত দ্রব্যাদি  
প্রদর্শন। সকালে জগন্নাথ হল প্রাঙ্গণে রুক্ষদান  
কর্মসূচি। শোক দিবসের কর্মসূচির অংশ হিসেবে  
সন্ধ্যা সাড়ে ৬টায় জগন্নাথ হল উপাসনালয়ে  
ভক্তমূলক গানের অনুষ্ঠান, শোক সংগীত ও  
কবিতা আবৃত্তি অনুষ্ঠিত হবে। এছাড়া শোক  
দিবস উপরিক্ষে ‘অক্টোবর স্মৃতি’ রচনা  
প্রতিযোগিতা ও ‘অক্টোবর স্মৃতি’ চিত্রাঙ্কণ  
প্রতিযোগিতা’র আয়োজন করা হবে। যা ৩১  
অক্টোবরের মধ্যে সম্পন্ন হবে।